
দৈনিক ইনকিলাব

তারিখ 17 JAN 2008
পৃষ্ঠা ১২ কলাম ৬

34 Report





ইনকিলাব : গতকাল (বুধবার) ঢাকার 'এ' গ্রুপের সরকারী ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হ... অভিভাবকরা তাদের সন্তানদের অপেক্ষায় ভিড় করে আছেন। ইনসেটে পরীক্ষার্থীদের মনোযোগ...

# ঢাকার 'এ' গ্রুপের ৮টি সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

### কাল 'বি' ও ২১ জানুয়ারী 'সি' গ্রুপের পরীক্ষা

**স্টাফ রিপোর্টার**

রাজধানীর ২৪টি সরকারী স্কুলের মধ্যে 'এ' গ্রুপে ৮টির ভর্তি পরীক্ষা গতকাল (বুধবার) অনুষ্ঠিত হয়েছে। এদিকে আগামীকাল (শুক্রবার) 'বি' গ্রুপের এবং ২১ জানুয়ারী 'সি' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত প্রায় সাড়ে সাত হাজার আসনের বিপরীতে প্রায় ৩৭ হাজার পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। এক আসনের বিপরীতে ৫ জন ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছে। গতকাল 'এ' গ্রুপে দুই শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকালের শিফটে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত প্রথম থেকে চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী এবং দ্বিতীয় শিফটে দুপুর ... ১১ কঃ ৬

## ঢাকার 'এ' গ্রুপের ৮টি

১২-এর পৃষ্ঠার পর

২টা থেকে বিকাল চারটা পর্যন্ত পঞ্চম থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়। বাংলা, ইংরেজী এবং গণিতে মোট একশ' নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'এ' গ্রুপের স্কুলগুলোর মধ্যে রয়েছে— গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, নিউ গভঃ, গ্র্যাজুয়েট হাই স্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয় ও নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়।

পরীক্ষাকালীন পরীক্ষা কেন্দ্রের বাইরে ছিল অভিভাবকদের উপচেপড়া ভিড়। প্রিয় সন্তানদের জন্য ঘন্টার পর ঘন্টা অভিভাবকদের অপেক্ষা করতে দেখা গেছে। মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের সামনে এক পরীক্ষার্থীর মা জানান, সন্তানের ভর্তি বিষয়টি নিয়ে চিন্তার শেষ নেই। স্কুলে ভর্তির বিষয়টি এখন যুদ্ধই মনে হয়। কঠিন প্রতিদ্বন্দ্বিতায় পড়তে হয় একজন পরীক্ষার্থীকে।

মাউশি সূত্রে জানা গেছে, এ বছর প্রথম শ্রেণীতে ১ হাজার ৩৬৯টি আসনের বিপরীতে ফরম জমা পড়েছে ১২ হাজার ৪৮৭টি। দ্বিতীয় শ্রেণীতে ৪৬০ আসনের বিপরীতে ৩ হাজার ২৯টি, তৃতীয় শ্রেণীতে ১ হাজার ৭১ আসনের বিপরীতে ৪ হাজার ৩২... শ্রেণীতে ৬৯৪ আসনের বিপরীতে ২ হাজার ৮৮...টি, পঞ্চম শ্রেণীতে ৩৭৫টি আসনের বিপরীতে ১ হাজার ১১৯টি ফরম বিক্রি হয়েছে। এছাড়া মাধ্যমিক ... ষষ্ঠ শ্রেণীতে ১ হাজার ৮১০টি আসনের বিপরীতে ৭ হাজার ৩২৭টি, সপ্তম শ্রেণীতে ৫০১টি আসনের বিপরীতে ১ হাজার ৪৭৫টি, অষ্টম শ্রেণীতে ৪৯২ আসনের বিপরীতে ১ হাজার ৬২৮টি এবং নবম শ্রেণীতে ৬৯২টি আসনের বিপরীতে ২ হাজার ১৬৫টি ফরম বিক্রি হয়েছে।

'বি' গ্রুপের স্কুলগুলো হচ্ছে— মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, গভঃ মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়।

'সি' গ্রুপের স্কুলগুলো হচ্ছে— ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল, টিকাটুলী কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, আজিমপুর সরকারী উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় ... ও সরকারী উচ্চ বিদ্যালয়।